সমকাল

30 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

## জামালপুরে ছাত্রলীগ নেত্রীকে সাময়িক বহিষ্কার

■ জামালপুর প্রতিনিধি

দলীয় ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে জামালপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রুজিনা বেগমকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। জামালপুর জেলা ছাত্রলীগ রোববার জরুরি সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করেছে। এদিকে জামালপুর জেলা ছাত্রলীগের সদস্য সাদিকুল ইসলাম কাঞ্চনকে দলীয় ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে গত শনিবার সংগঠন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। জেলা ছাত্রলীগের সভাপতি নিহাদুল আলম নিহাদ ও সাধারণ সম্পাদক মাকসুদ বিন জালাল পাবন স্বাক্ষরিত এক পত্রে এই তথ্য জানা গেছে।

## দোহারে শিক্ষার মান উন্নয়নে সভা

■ দোহার (ঢাকা) প্রতিনিধি

দোহার উপজেলায় ড্যাফোডিলস হাই স্কুলে শিক্ষার মান উন্নয়নে সহকারী শিক্ষকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে সভায় সভাপতির বক্তব্যে প্রধান শিক্ষক মো. এরশাদ হোসেন সহকারী শিক্ষকদের বলেন, আপনাদের একটু সুদৃষ্টি ও দায়িত্ববোধ একজন শিক্ষার্থীকে তার লক্ষ্যে পৌঁছাতে সহায়তা করবে। এ সময় মাদক, বাল্যবিয়ে সম্পর্কে শিক্ষকদের প্রতি সপ্তাহে একদিন ক্লাসে আলোচনা ও শিক্ষার্থীদের গতিবিধির ওপর নজর রাখতেও শিক্ষকদের প্রতি অনুরোধ জানান তিনি। এ সময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির ৫০ শিক্ষক ও শিক্ষিকা।